ঝিনাইদহে আগুনে পুড়ল কোটি টাকার সম্পদ, আহত ১

ঝিনাইদহের কালীগঞ্জ শহরের একটি ইলেকট্রনিক্স দোকান অগ্নিকাণ্ডে পুড়ে গেছে। মঙ্গলবার (৯ মে) সকাল ১০টার দিকে কালীগঞ্জ থানা সংলগ্ন আল্লার দান ইলেকট্রনিক্সে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট ও স্থানীয়দের সহযোগিতায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হন। এ ঘটনায় কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ আহত হয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকালে আল্লার দান ইলেকট্রনিক্সে আগুন দেখে ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হয়। মুহূর্তেই মধ্যে আগুন ছড়িয়ে পড়ে। এতে আতঙ্ক ছড়িয়ে পড়ে পুরো এলাকায়। তিন তলা ভবনের অন্য দুই তলায় গোডাউন ও পরিবার নিয়ে বসবাস করতেন দোকান মালিক। তারা নিরাপদে আশ্রয় নেন।

ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের জন্য ঘটনাস্থলে আসে। এরপর স্থানীয়দের সহযোগিতায় প্রায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। আল্লার দান ইলেকট্রনিক্সের পাশের দোকান মোল্লা ট্রেডার্সও আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে আনুমানিক প্রায় ১ কোটি টাকা ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে জানিয়েছেন দোকান মালিক।

ঝিনাইদহ ফায়ার সার্ভিস ও ডিফেন্স সার্ভিসের উপ-সহকারী পরিচালক আব্দুস সালাম জানান, আগুন নিয়ন্ত্রণে আনতে ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট কাজ করেছে। প্রায় দেড় ঘণ্টার বেশি সময় লেগেছে আগুন নিয়ন্ত্রণে আনতে। এতে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ আহত হয়েছেন। তাকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

তিনি আরও বলেন, শর্টসার্কিট থেকে আগুন লাগতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

ঝিনাইদহে স্কুলছাত্রীকে অপহরণের পর ধর্ষণ মামলায় যুবকের যাবজ্জীবন

ঝিনাইদহে এক স্কুলছাত্রীকে অপহরণের পর ধর্ষণের মামলার দুটি ধারায় এক যুবকের যাবজ্জীবন ও ১৪ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার (৯ মে) সকাল সাড়ে ১১টার দিকে ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. মিজানুর রহমান এ দণ্ডাদেশ দেন।

দণ্ডাদেশে তিনি উল্লেখ করেন, হরিণাকুন্ডু উপজেলার এক ছাত্রীকে অপহরণ ও ধর্ষণের ঘটনা প্রমাণ হওয়ায় ধর্ষক আমিরুল ইসলামকে (৩৩) এ দণ্ডাদেশ প্রদান করেন আদালত। একই সঙ্গে তাকে তিন লাখ টাকা জরিমানাও করা হয়।

মামলার বিবরণে জানা যায়, ২০০৮ সালের ১৫ মে হরিণাকুন্ডু উপজেলার সপ্তম শ্রেণির এক স্কুলছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে অপহরণ করে নিয়ে যায় ভায়না গ্রামের আমিরুল ইসলাম। সে দুদিন মেয়েটিকে ঝিনাইদহ শহর ও হরিণাকুন্ডুর সাতব্রিজ এলাকায় আটকে রেখে ধর্ষণ করে। পরে ১৭ মে ঝিনাইদহ শহরের কলাহাট এলাকায় তাকে ফেলে পালিয়ে যান আমিরুল ইসলাম।

এ ঘটনায় ২৯ মে ভিকটিমের মা বাদী হয়ে হরিণাকুন্ডু থানায় আমিরুলকে আসামি করে মামলা দায়ের করেন। পুলিশ তদন্ত শেষে ওই বছরের ২৯ জুলাই আমিরুলকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করে। দীর্ঘদিন বিচারিক প্রক্রিয়া শেষে আদালত ধর্ষণের দায়ে আমিরুলকে যাবজ্জীবন কারাদণ্ড ও দুই লাখ টাকা জরিমানা এবং অপহরণের দায়ে ১৪ বছরের কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা করেন।

# [redacted]

[redacted]

কোটচাঁদপুরের সড়ক দুর্ঘটনায় একই পরিবারে চার জনসহ মৃত্যুর সংখ্যা সাত

কোটচাঁদপুরের সড়ক দুর্ঘটনায় বেড়েছে মৃত্যুর সংখ্যা। গতকাল শুক্রবার রিমা খাতুনের মৃত্যুর পর যা দাড়িয়েছে ৭ জনে। যার মধ্যে রয়েছে উপজেলার এলাঙ্গী গ্রামের একই পরিবারের ৪ সদস্য। শোকের মাতম চলছে ওই পরিবারে। এ ব্যাপারে থানায় মামলা হয়েছে।

জানা যায়, গত বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুরের এলাঙ্গী গ্রামের তোরাব আলী স্ত্রী শিউলি খাতুন(৫০), মেয়ের মেয়ে খুকুমনি(৭), ছেলে রুবেলের শিশু পুত্র রাফান দেড় মাস ও বউ মা রিমা খাতুন (২৫)কে নিয়ে কোটচাঁদপুর ডাক্তার দেখিয়ে বাড়ি ফিরছিল।

পথিমধ্যে কোটচাঁদপুর পৌর কাশিপুর ডিগ্রি কলেজের সামনে পৌছালে, সামনে থেকে আসা ক্যাভার্ড ভ্যানটি সজোরে ধাক্কা দেন। এতে করে ঘটনাস্থলে মারা যান,শিশু রাফান, খুকুমনি ও ভ্যান চালক সলেমান। গুরুতর আহত হন এলাঙ্গী গ্রামের তোরাব আলীর স্ত্রী শিউলি খাতুন (৫০)ও বউমা রিমা খাতুন(২৫),কালীগঞ্জ উপজেলার তিলেচাঁদপুর গ্রামের মাজেদ শেখের ছেলে টিটু শেখ (৪০),ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল থানার বৈশামারি গ্রামের নুরআলির ছেলে পেয়ারা ব্যাবসায়ী আলামিন (৬৫),

এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তারুনী পাশা, তাদেরকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

এরমধ্যে যশোর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন শিউলি খাতুন, টিটু শেখ। ঢাকায় নেওয়ার পথে মারা আলামিন (৬৫),এদিকে রিমা খাতুনকে উন্নত চিকিৎসার জন্য খুলনা হাসপাতালে নিয়ে যান স্বজনরা। ওখানেও অবস্থার উন্নতি না হওয়া ওই রাতেই রিমাকে ঢাকা মেডিকেলে নিয়ে গিয়ে ভর্তি করান। অবশেষে গতকাল শুক্রবার বেলা ১১ টার দিকে মৃত্যুর কাছে হার মেনে,চলে যান না ফেরার দেশে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) সাজ্জাদ হোসেন বলেন, ওই ঘটনায় সড়ক ও পরিবহন আইনে থানায় মামলা হয়েছে। মামলা নাম্বার -০১-০৪-০৫-২৩। এলাঙ্গী গ্রামের তোরাব আলী

বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলাটি করেছেন।

ঝিনাইদহে রাতের আঁধারে ঘুমন্ত নারীদের আপত্তিকর ভিডিও ধারণ, গ্রেফতার

ঝিনাইদহের শৈলকুপায় রাতের আঁধারে ঘুমন্ত নারীদের নগ্ন-অর্ধনগ্ন ভিডিও ও ছবি ধারণ করায় প্রেমিকাসহ এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার (৪ মে) রাতে জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল শৈলকুপা উপজেলার সাপখোলা গ্রাম থেকে তাদেরকে গ্রেফতার করে। গ্রেফতাররা হলেন-সাপখোলা গ্রামের আদিল উদ্দিন খাঁর ছেলে জুলকার খাঁ (৩২) ও তার প্রেমিকা শামছুল বিশ্বাসের মেয়ে জান্নাতি খাতুন (২০)।

আজ শুক্রবার (৫ মে) সকালে ঝিনাইদহের পুলিশ সুপার আশিকুর রহমান এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শৈলকুপা উপজেলার সাপখোলা গ্রামে মামুন ফেরদৌসের বাড়ির জানালা দিয়ে কে বা কারা তার ঘুমন্ত স্ত্রী ও কন্যার ভিডিও করছিল। এ সময় মোবাইলের ফ্লাস লাইটের আলো জ্বলে উঠলে ফেরদৌস ঘরের ভেতর অজ্ঞাত যুবকের হাত চেপে ধরে। এতে মোবাইল ফোন ফেলে পালিয়ে যায়। পরে ফেলে যাওয়া মোবাইলে সাপখোলা গ্রামের প্রায় অর্ধশত নারীর আপত্তিকর ভিডিও ও ছবি পাওয়া যায়। ৪ মে ফেরদৌস বাদী হয়ে শৈলকুপা থানায় পর্নোগ্রাফি আইনে অজ্ঞাতদের আসামি করে মামলা দায়ের করেন। পরে পুলিশেল সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল তথ্য প্রযুক্তি ব্যবহার করে ২ আসামিকে গ্রেফতার করে।

পুলিশ সুপার বলেন, আসামি জুলকার খাঁ তার প্রেমিকা জান্নাতি খাতুনের মোবাইল দিয়ে পরিকল্পনা করে রাতের আঁধারে ঘুমন্ত অবস্থায়

নারীদের আপত্তিকর ছবি ও ভিডিও ধারণ করে। মূলত এসব ভিডিও ও ছবির মাধ্যমে ব্ল্যাকমেইল করে শারীরিক সম্পর্ক স্থাপন ও টাকা হাতিয়ে নেওয়ায় তাদের উদ্দেশ্য ছিল।

কোটচাঁদপুরে ত্রিমুখী সংঘর্ষে দুই শিশুসহ ৫ জন নিহত, আহত ৩

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্যাভারভ্যন, মটর চালিত পাখি ভ্যান ও মাইক্রোবাসে ত্রিমুখী সংঘর্ষে দুই শিশুসহ ৫ জনের মৃত্যু হয়েছে। ওই ঘটনায় আহত হয়েছেন আরো ৩ জন। তাদেরকে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় কোটচাঁদপুর পৌর এলাকার কাশিপুর পৌর ডিগ্রি কলেজের সামনের সড়কে এ ঘটনাটি ঘটেছে।

ভুক্তভোগী কালিগঞ্জের আহত অন্তর হোসেন বলেন, আজ সকাল ১১ টার সময় আমরা ক্যাবারভ্যান নিয়ে সার্জিকাল মালামাল সাপ্লাই দিতে কালীগঞ্জ থেকে কোটচাঁদপুর শহরে ঢুকছিলাম ।

পথিমধ্যে স্থানীয় পৌর কাশিপুর ডিগ্রি কলেজের সামনে পৌছালে,সামনের দিক থেকে মাইক্রো গাড়ি ও ইঞ্জিন চালিত ভ্যান আসছিল।

এ সময় নিয়ন্ত্রন হারিয়ে ত্রিমুখী সংঘর্ষের ঘটনা ঘটে। এতে করে দুই শিশু সহ তিনজন ঘটনা স্থলে মারা য়ান। যার মধ্যে রয়েছে উপজেলার এলাঙ্গী গ্রামের রুবেল হোসেনের ছেলে রাফান বয়স (১৫) মাস, রুবেলের ভাগ্নি খুকুমনি(৭), কালীগঞ্জ উপজেলার শাহপুর ঘিঘাটির গ্রামের মৃত মফেজউদ্দিন এর ছেলে ভ্যান চালক সলেমান (৬৫), একই উপজেলার তিলে চাঁদপুর গ্রামের মাজেদ শেখের ছেলে টিটু শেখ (৪০)যশোর মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে মৃত্যু হয়েছে বলে নিশ্চিত করেন অ্যাম্বুলেন্স ড্রাইভার সানি।

এদিকে আহত শিউলি খাতুন (৫০) যশোর মেডিকেল হাসপাডলে চিকিৎসাধীন

অবস্থায় মারা গেছে। আহত হয়েছেন রাফান এর মা রিমা খাতুন (২৫), ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল থানার বৈশামারি গ্রামের নুরআলির ছেলে পেয়ারা ব্যাবসায়ী আলামিন (৬৫), কালীগঞ্জ উপজেলার বলিদাপাড়ার টিপু সুলতান ছেলে অন্তর কোটচাঁদপুর হাসপাতালে ভর্তি আছে।

দুর্ঘটনায় কবলিত ক্যাভারভ্যান, পাখি ভ্যান উদ্ধার করে মডেল থানায় নিয়েছেন পুলিশ। পালিয়ে গেছে মাইক্রোবাস।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তারুনী পাশা বলেন, সড়ক দুর্ঘটনায় তিন জন কে মৃত অবস্থায় পেয়েছি। আহত হয়েছেন ৫ জন। এদের মধ্যে ৪ জনকে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়েছে। আর কোটচাঁদপুর হাসপাতালে ভর্তি রয়েছে ১ জন। আহতদের মধ্যে ৪ জনের অবস্থা আশংকা জনক বলে জানা গেছে।

ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশনের পক্ষ থেকে পুলিশ বাহিনীকে পিক আপ ভ্যান উপহার

জাহেদী ফাউন্ডেশনের নিবার্হী পরিচালক বিশিষ্ট শিল্পপতি রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালসের চেয়ারম্যান নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর নিদের্শনায় ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশন এর পক্ষ থেকে পুলিশের সেবার মান উন্নয়নের লক্ষ্যে ও ঝিনাইদহ জেলা পুলিশ বাহিনীর কাজের সহযোগীতার জন্য দুইটি পিক আপ ভ্যান উপহার দেওয়া হয়।

বুধবার (৩ মে) বিকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যারয়ের সামনে পিক আপ ভ্যান দুইটির চাবি গ্রহন করেন পুলিশ বাহিনীর পক্ষে পুলিশ সুপার আশিকুর রহমান এবং জাহেদী ফাউন্ডেশনের পক্ষে চাবি হস্তান্তর করেন জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপ্স) ইমরান

জাকারিয়া, ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহেল রানা, জাহেদী ফাউন্ডেশনের কো অডিনেটর তবিবুর রহমান লাবু, সদস্য ইউনুস আলী, শাহীন আলমসহ অন্যান্যরা।

পিক আপ ভ্যান প্রদান সম্পর্কে মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল বলেন, পুলিশ জনগনের বন্ধু, পুলিশের সেবার মান বৃদ্ধি লক্ষ্যে এবং দ্রুত অভিযান পরিচালনা ও মানুষের সহযোগীতার জন্য যানবাহন অতিব প্রয়োজন। আর সবকিছুই সরকারের উপর নির্ভর করে বসে থাকলে হয় না, আমাদের জানমালের নিরাপত্তার জন্য পুলিশের অবদান সবচেয়ে বেশি এজন্য তাদের সদা তৎপর থাকার জন্য আমাদের এই প্রয়াস। যাদের সামর্থ্য আছে তাদের সবাইকে দেশের জন্য কাজ করার আহবান জানান তিনি।

কোটচাঁদপুরে পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর এলাকার সলেমানপুর ৫নং ওয়ার্ডের মালাকারপাড়ার মো. ফারুক হোসেনের ১০ মাসের শিশু কন্যা পানিতে ডুবে মর্মান্তিক মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার সকালে এঘটনা ঘটে ।

নিহতের স্বজনেরা জানান, নিহতের মা বালতিতে কাপড়চোপড় ভিজিয়ে রেখেছিলেন, পাশে ১০ মাসের শিশু শারমিলা খেলা করছিলো। পরে কাপড়চোপড় রোদে শুকায়তে দিতে গেলে শিশুটি খেলতে খেলতে বালতিতে থাকা পানিতে উল্টো ভাবে পড়ে যায়। তারপরই তার মৃত্যু হয়।

এ সময় কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডাক্তার শারমিন আক্তার বলেন, বাচ্চা টার প্রতিবেশীরা সঙ্গে করে মৃত অবস্থায় এনেছিলো। সে সময় মা বাবা কেউ ছিলো না। পানিতে ডুবার কারণে মৃত্যু হয়েছে। বিষয় টি পুলিশ কে অবগত করেছি।

এ বিষয় পৌর পুলিশ ফাঁড়ির পরিদর্শক শাহাদাৎ হোসেন বলেন থানায় অপমৃত্যু মামলা হয়েছে। শিশু বাচ্চা হাওয়ায় মানবিক দিক বিবেচনা করে এসপি স্যারের সাথে কথা বলে মৃত দেহ দাফনের অনুমতি দেওয়া

হয়েছে। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

ঝিনাইদহে ফেনসিডিলসহ এক মাদক কারবারি আটক

ঝিনাইদহ সদর উপজেলার ভবানীপুর গ্রাম থেকে ২৩ বোতল ভারতীয় ফেনসিডিলসহ ইবরাহীম মণ্ডল ইব্রা নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

শনিবার (২৯ এপ্রিল) সকাল ১০টার দিকে ভবানীপুর গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত ইবরাহীম মণ্ডল ইব্রা ভবানীপুর গ্রামের পিরু মণ্ডলের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি তদন্ত মো. আবুল খায়ের জানান, গোপন সংবাদের ভিত্তিতে বেতাই চণ্ডীপুর পুলিশ ক্যাম্পের আইসি মনিরুজ্জামান হাজার ও এএসআই খোরশেদ আলম সঙ্গীয় ফোর্স নিয়ে ভবানীপুর গ্রামে অভিযান চালিয়ে ২৩ বোতল ফেনসিডিলসহ ইবরাহীমকে গ্রেফতার করে।

গ্রেফতার মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে পাঠানো হয়েছে।

ঝিনাইদহে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

“বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণ, বিনামূল্যে আইনি সেবার দ্বার উন্মোচন এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে ঝিনাইদহে জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৩ পালিত হয়েছে।